6

আজকের কাগজ

তারিখ ... 04 MAY 1995 ...
পৃষ্ঠা ৬ কলাম ৫

# ঝিনেদায় সার্বজনীন প্রাথমিক শিক্ষা কার্যক্রম ব্যাহত

## ৫৭ হাজার ছেলে মেয়ে স্কুলে ভর্তি হতে পারেনি

ঝিনেদায় ৫৭ হাজার ছেলেমেয়ে এবার প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির সুযোগ থেকে বঞ্চিত হয়েছে। সংশ্লিষ্ট বিভাগ সূত্রে প্রাপ্ত তথ্যে জানা যায়, ঝিনেদা জেলার প্রাথমিক বিদ্যালয়ে গমন উপযোগী ৬ থেকে ১০ বছর বয়সের শিশুর সংখ্যা ২ লাখ ৩৮ হাজার ৯শ' ১৬ জন। তারমধ্যে ঝিনেদার ৪শ' ৭টি সরকারি ও ১শ'৫৩টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১ লাখ ৮২ হাজার ১শ' ৬২ জন শিশু ভর্তির সুযোগ পেয়েছে। অন্যদিকে, বাকি ৫৬ হাজার ৭শ' ৫৪ জন শিশু প্রাথমিক শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হয়েছে। প্রাপ্ত তথ্যে প্রকাশ, ঝিনেদা সদর থানায় ৫৯ হাজার ৮শ' ৪৮ টি শিশুর মধ্যে ভর্তি হয়েছে ৫০ হাজার ৯শ' ৫ জন। শৈলকুপা থানায় ৫৩ হাজার ২শ' ১৩ জন শিশুর মধ্যে স্কুলে ভর্তি হয়েছে ৩৩ হাজার ৮শ' ৯৫ জন। কালীগঞ্জ থানায় ৪০ হাজার ১০ জন শিশুর মধ্যে ৩৩ হাজার ৮শ' ১৯ জন শিশু ভর্তির সুযোগ পেয়েছে। মহেশপুর থানায় ৪৩ হাজার ২শ' ৮৫ জনের মধ্যে ভর্তি হয়েছে ৩১ হাজার ১শ' ৬৭ জন। হরিনাকুণ্ডু থানায় ২৫ হাজার ৬০ জনের মধ্যে ভর্তি হয়েছে ১৬ হাজার ৮শ' ৯০ জন শিশু। কোটচাঁদপুর থানায় ১৭ হাজার ৫শ' শিশুর মধ্যে ভর্তি হয়েছে ১৫ হাজার ৪শ' ৮৬ জন। উল্লেখ্য, এসব শিশুর মধ্যে প্রতিবছর শতকরা ৮৬ ভাগ ড্রপ আউটের শিকার হচ্ছে। বিনামূল্যে বই এবং শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচি চালু করেও 'ড্রপ আউট' রোধ করা যাচ্ছে না। অভাবের তাড়নায় এসব শিশুর স্কুলে যাওয়ার প্রতি আগ্রহ সৃষ্টি করা যাচ্ছে না। তবে স্বেচ্ছাসেবি সংগঠন ব্র্যাকসহ আহসানিয়া মিশন, গ্রামীণ সমাজ দীপ্তি শিক্ষা প্রভৃতিসংগঠন প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে ঝিনেদায় অগ্রণী ভূমিকা পালন করছে।

শৈলকুপা থেকে সদরুল আইন।